দৈনিক সংবাদ

২৭

তারিখ ... SEP. 09 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

# জা.বিতে ভর্তি ফি বৃদ্ধির প্রতিবাদে

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষ থেকে ভর্তি ফি দ্বিগুণ করার প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্রঐক্য গত বুধবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল করেছে এবং উপাচার্য বরাবরে স্মারকলিপি দিয়েছে।

গত বুধবার সকাল সাড়ে ১০টায় গণতান্ত্রিক ছাত্রঐক্যের বিশাল মিছিল কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া থেকে শুরু হয় এবং ক্যাম্পাস প্রদক্ষিণশেষে কলাভবন চত্বরে শেষ হয়। এখানে অনুষ্ঠিত সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতা মীর আহসান হাবীব রিয়াদ,আফসানা আইয়ুব অ্যানি প্রমুখ। বক্তারা অবিলম্বে উন্নয়ন তহবিলের নামে বর্ধিত ফি বাতিলের দাবি জানান এবং দাবি আদায় না হওয়া পর্যন্ত ধারাবাহিক আন্দোলনের ঘোষণা দেন। পরে উপাচার্য বরাবরে স্মারকলিপি দেয়া হয়।